

মজিদ জরিলা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজ, শরীয়তপুর

২০২০ সালের ৫ম ও ৮ম শ্রেণির অনলাইন ২য় ইউনিট পরীক্ষার সময়সূচী :

পরীক্ষা শুরু: সকাল ১০.০০ টা		বিষয়	
তারিখ	দিন	৫ম শ্রেণি	৮ম শ্রেণি
০২/০৭/২০২০ খ্রি.	বৃহস্পতিবার	×	বাংলা
০৭/০৭/২০২০ খ্রি.	মঙ্গলবার	ইংরেজি	ইংরেজি
০৯/০৭/২০২০ খ্রি.	বৃহস্পতিবার	ধর্ম ও নৈতিক শিক্ষা	ধর্ম ও নৈতিক শিক্ষা
১২/০৭/২০২০ খ্রি.	রবিবার	গণিত	বাংলাদেশ ও বিশ্ব পরিচয়
১৬/০৭/২০২০ খ্রি.	বৃহস্পতিবার	বাংলা	গণিত
১৯/০৭/২০২০ খ্রি.	রবিবার	বিজ্ঞান	বিজ্ঞান
২৩/০৭/২০২০ খ্রি.	বৃহস্পতিবার	বাংলাদেশ ও বিশ্ব পরিচয়	আইসিটি

নির্দেশনা :

- ১) পরীক্ষার শুরুর ৩০ মিনিট পূর্বে সম্মানিত অভিভাবকগণ www.mjfsc.edu.bd ওয়েবসাইটে প্রবেশ করে Question Bank → Login → Student ID ও Password দিয়ে নিজ নিজ শ্রেণি ও বিষয়ের প্রশ্নপত্র ডাউনলোড করতে পারবেন। উল্লেখ্য, প্রশ্নপত্র ডাউনলোড করার পূর্বে উক্ত শিক্ষার্থীকে অবশ্যই রেজিস্ট্রেশন করতে হবে। [রেজিস্ট্রেশন করার নিয়ম: www.mjfsc.edu.bd ওয়েবসাইটে প্রবেশ করে Question Bank → Registration → নির্ধারিত তথ্যসমূহ পূরণ করে Submit করতে হবে।]
- ২) সম্মানিত অভিভাবকগণ তাঁর সন্তানের পরিদর্শকের দায়িত্ব পালন করবেন। পরীক্ষা গ্রহণ শেষ হলে উত্তরপত্র নিজের আলমারি/ নিরাপদ জায়গায় গোপনীয়তার সাথে রেখে দিবেন। উল্লেখ্য, প্রয়োজনে অভিভাবকগণ পরীক্ষার সময় পরিবর্তন করতে পারবেন তবে নির্ধারিত দিনেই নিতে হবে।
- ৩) সকল পরীক্ষা সমাপ্ত হওয়ার পর ২৮/০৭/২০২০ খ্রি. সকাল ১০:০০ টায় নির্ধারিত রুটে কলেজ বাস যাবে। সম্মানিত অভিভাবকগণ নিজ দায়িত্বে সংরক্ষিত পরীক্ষার সকল বিষয়ের উত্তরপত্র দায়িত্বরত শিক্ষক/কর্মচারীর নিকট জমা দিবেন।
- ৪) আগামী ৮/০৮/২০২০ খ্রি. হতে ২য় ইউনিট পরীক্ষা পরবর্তি অনলাইন শ্রেণি পাঠদান যথারীতি চলবে।
- ৫) ২য় ইউনিট পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ পরবর্তিতে জানানো হবে।

বি.দ্র. পরীক্ষা সংক্রান্ত কোনো প্রয়োজনে নিজ নিজ CI/JCI/SAT এর সাথে যোগাযোগ করতে বলা হলো।

সম্মানিত অভিভাবকগণের উদ্দেশ্যে অধ্যক্ষের বিশেষ অনুরোধ,

মহামারী করোনার প্রাদুর্ভাবে সারাদেশে সকল শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রয়েছে। এ সংকটকালীন সময়ে শিক্ষার্থীদের লেখাপড়া চালু রাখার জন্য ইতোমধ্যে আমরা অনলাইন ক্লাসের কার্যক্রম চালু করেছি। বেশ কিছুদিন অনলাইনে ক্লাস হয়েছে। অনেক অভিভাবক ফোনে শিক্ষার্থীদের পরীক্ষা নেওয়ার ব্যাপারে অনুরোধ করেছেন। সকল দিক বিবেচনা করে আমরা আগামী মাসে অনলাইনে(কলেজের নির্ধারিত ওয়েবসাইটে) প্রশ্ন দিয়ে শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণের পরিকল্পনা করেছি। আশা করি এ উদ্যোগ শিক্ষার্থীদের পড়াশুনায় গতি আনবে। প্রিয় অভিভাবকগণ, আপনারা ইতোমধ্যে অবগত আছেন, মজিদ জরিলা ফাউন্ডেশনের পরিচালনায় মজিদ জরিলা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজ শিক্ষার্থীদের বেতন নির্ভর সম্পূর্ণ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান। শিক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত অর্থ ও ফাউন্ডেশনের অর্থায়নে অত্র প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক, কমনকর্তা ও কর্মচারীদের বেতন প্রদান করা হয়। দীর্ঘদিন প্রতিষ্ঠানে শিক্ষার্থী ও অভিভাবকগণ না আসতে পারায়, অনেকের ৫/৬ মাসের বেতন বকেয়া রয়েছে। বর্তমানে প্রশাসনিকভাবে আর্থিক সমস্যা সমাধানে আপনাদের সহযোগিতা একান্ত প্রয়োজন। অভিভাবকগণের প্রতি অনুরোধ থাকবে এ সংকটকালীন সময়ে আপনার সন্তানের সকল প্রকারের বকেয়া বেতন পরিশোধ করে কলেজকে সহযোগিতা করুন। নিজ সন্তানের নিরাপত্তা ও সুস্বাস্থ্য নিশ্চিতকরণে সতর্ক থাকুন। সকলে সমাজিক দূরত্ব মেনে চলুন, সুস্থ থাকুন।

২৪/০৬/২০২০ খ্রি.
অধ্যক্ষ